

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৭১

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪) ফজর নামায ও আসর নামায শেষে মুসল্লায় বসে থাকার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في جلوس المرء في مصلاه بعد صلاة الصبح وصلاة العصر

আরবী

(صحيح) وَعَنْ جابر بن سمرة رَضِيَ اللَّهُ عَنْهُ قال كأنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا صلَّى الْفَجْرَ تَرَبَّعَ فِي مَجْلِسِهِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ حَسْنَاءَ.رواه مسلم وأبو داود والترمذي والنسائى والطبرانى وابن خزيمة

বাংলা

8৭১. (সহীহ্) জাবের বিন সামুরা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ফজরের নামায আদায় করে নিজ মুসল্লায় চার জানু হয়ে বসে থাকতেন, এমনকি সূর্য ভালোভাবে উদিত হত।

(হাদীছটি বর্ণনা করেছেন ইমাম মুসলিম ৬৭০, আবু দাউদ ৪৭৫, তিরমিয়ী ৫৭৫, নাসাঈ ৩৭/৭০ ও ইবনে খুযায়মা ১/৩৭৩) ত্বাবরানীর বর্ণনায় বলা হয়েছেঃ

كَانَ إِذَا صَلَّى الصُّبْحَ جَلَسَ يَذْكُرُ اللَّهَ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ

তিনি ফজরের নামায আদায় করে বসে থাকতেন এবং সূর্যদয় পর্যন্ত আল্লাহর যিকির করতেন।

ইবনে খুযায়মা সিমাক থেকে বর্ণনা করেনঃ তিনি জাবের বিন সামূরাকে জিজ্ঞেস করেন: রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ফজর নামায শেষে কি করতেন? তিনি বলেনঃ

كَانَ يَقْعُدُ فِي مُصَلاَّهُ إِذَا صَلَّى الصُّبْحَ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ

তিনি ফজরের নামায আদায় করে নিজের মুসল্লায় বসে থাকতেন, এমনকি সূর্য উদিত হত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=88251}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন